দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 1 5 1999

পৃষ্ঠা ৪ কলাম ৩

62

## খিলগাঁও উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে দুর্নীতি

২৪/১১/৯৮ ইং তারিখে দৈনিক ইত্তেফাকে খিলগাঁও উচ্চ বিদ্যালয়ে বিষয়ভিত্তিক সাতটি পদে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি দেওয়া হয়। সেই বিজ্ঞপ্তি মোতাবেক অনেক প্রার্থী আবেদন করেন। গত ৩০/১২/৯৮ এবং ৩১/১২/৯৮ তারিখে শিক্ষক নিয়োগের একটি লোক দেখানো প্রহসনমূলক লিখিত পরীক্ষা নেওয়া হয়। কিন্তু উক্ত সাতটি পদে প্রভাবশালী ব্যক্তিদের ছেলেমেয়েসহ অত্র স্কুলে কর্মরত শিক্ষকদের আত্মীয়-স্বজনকে নিয়োগ দেওয়ার অভিযোগ পাওয়া যাইতেছে। যোগ্য প্রার্থীদের বাদ দিয়া স্বজনপ্রীতির ভিত্তিতে প্রশিক্ষণবিহীন অযোগ্য প্রার্থীদের নিয়োগের খবরে একজন সচেতন অভিভাবক হিসাবে ছেলেমেয়েদের ভবিষ্যৎ ভাবিয়া শংকিত না হইয়া পারি না। বিষয়টি খতাইয়া দেখিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জনৈক অভিভাবক